

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
টাউন প্ল্যানিং
www.udd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০২.৩৩.০০৩.১৭.৫

তারিখ: ১ ফাল্গুন ১৪২৯

১৪ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড কর্তৃক বাস্তবায়নাধীন ঢাকা ম্যাস র্‌যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) এর নন্দা, নতুন বাজার এবং উত্তর বাড্ডা স্টেশনের **Exit-Entry, Fire Exit, Ventilation Duct** নির্মানের জন্য ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড এর অনুকূলে ঢাকা জেলাধীন গুলশান থানার ভাটারা মৌজায় এবং ক্যান্টনমেন্ট থানার জোয়ার সাহারা মৌজায় প্রস্তাবিত ব্যক্তি মালিকানাধীন মোট ২.৩০৭ একর ভূমি অধিগ্রহণের অনাপত্তিপত্র প্রদান প্রসংগে।

সূত্র: ১। ৩৫.০৫.০০০০.১৩৫.৩৯.০০১.২২-৩৭; তারিখ: ২৫ অক্টোবর ২০২২ খ্রি:

উপরোক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড কর্তৃক বাস্তবায়নাধীন ঢাকা ম্যাস র্‌যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) এর নন্দা, নতুন বাজার এবং উত্তর বাড্ডা স্টেশনের **Exit-Entry, Fire Exit, Ventilation Duct** নির্মানের জন্য ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড এর অনুকূলে ঢাকা জেলাধীন গুলশান থানার ভাটারা মৌজায় এবং ক্যান্টনমেন্ট থানার জোয়ার সাহারা মৌজায় প্রস্তাবিত ব্যক্তি মালিকানাধীন মোট ২.৩০৭ একর ভূমি অধিগ্রহণের অনাপত্তিপত্র প্রদানের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরকে অনুরোধ করেছেন। প্রত্যাশি সংস্থা অত্র দপ্তরকে মোট ২.৩০৭ একর জমির তফশিল সরবরাহ করেছেন (তফশিলভুক্ত মোট ২.৩০৭ একর জমি)।

রাজউকের Detailed Area Plan (DAP) পর্যালোচনায় দেখা যায় যে, বাড্ডা মৌজায় চাহিতব্য জমির ভূমি ব্যবহার **Urban Residential Zone, Mixed Use Zone (Residential-Commercial), Proposed Road Network and Transportation & Communication Zone** হিসেবে দেখানো আছে।

সরেজমিনে পরিদর্শনে দেখা যায় যে,

নন্দা স্টেশন: প্রত্যাশিত সংস্থা কর্তৃক সরবরাহকৃত তথ্য অনুযায়ী প্রস্তাবিত জমি ক্যান্টনমেন্ট থানার জোয়ার সাহারা মৌজায় অবস্থিত। প্রস্তাবিত স্থান/জমি সমূহ যমুনা ফিউচার পার্ক সংলগ্ন প্রগতি সরণী রোডের উভয় পাশে অবস্থিত। প্রস্তাবিত জমিসমূহ ব্যক্তি মালিকানাধীন যেখানে ছয়তলা আবাসিক ভবন, একতলা সেমিপাকা ভবন, দুই তলা সেমিপাকা ভবন, বানিজ্যিক আবাসিক পাকা ভবন ও কিছু ফাঁকা জমি রয়েছে।

নতুন বাজার স্টেশন: প্রত্যাশিত সংস্থা কর্তৃক সরবরাহকৃত তথ্য অনুযায়ী প্রস্তাবিত জমি গুলশান থানার ভাটারা মৌজায় অবস্থিত। প্রস্তাবিত স্থান/জমি সমূহ বারিধারা জে ব্লক ও ডিপ্লোমেটিক জোন সংলগ্ন প্রগতি সরণী রোডের উভয়

পার্শ্বে অবস্থিত। প্রস্তাবিত জমি সমূহ ব্যক্তি মালিকানাধীন যেখানে বানিজ্যিক-আবাসিক সেমি পাকা ও একতলা-দুইতলা পাকা ভবন রয়েছে।

উত্তর বাড্ডা স্টেশন: প্রত্যাশিত সংস্থা কর্তৃক সরবরাহকৃত তথ্য অনুযায়ী প্রস্তাবিত জমি গুলশান থানার ভাটারা মৌজায় অবস্থিত। প্রস্তাবিত স্থান/জমি সমূহ বাড্ডা সুবাস্তু টাওয়ার সংলগ্ন প্রগতি সরণী রোডের উভয় পার্শ্বে অবস্থিত। প্রস্তাবিত জমিসমূহ ব্যক্তি মালিকানাধীন যেখানে বানিজ্যিক-আবাসিক সেমিপাকা ও একতলা- দুইতলা পাকা ভবন রয়েছে।

এছাড়াও প্রস্তাবিত জমিতে মন্দির, গির্জা, স্কুল, কলেজ, মাদ্রাসা ইত্যাদি সহ কোন সামাজিক ও ধর্মীয় প্রতিষ্ঠান নাই।

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড কর্তৃক বাস্তবায়নাধীন ঢাকা ম্যাস র্‌যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) এর নন্দা, নতুন বাজার এবং উত্তর বাড্ডা স্টেশনের **Exit-Entry, Fire Exit, Ventilation Duct** নির্মানের জন্য ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড এর অনুকূলে ঢাকা জেলাধীন গুলশান থানার ভাটারা মৌজায় এবং ক্যান্টনমেন্ট থানার জোয়ার সাহারা মৌজায় প্রস্তাবিত ব্যক্তি মালিকানাধীন মোট ২.৩০৭ একর ভূমি বৃহত্তর জনস্বার্থে উক্ত জমি অধিগ্রহণের প্রয়োজন আছে। ফলশ্রুতিতে, নিম্ন-লিখিত শর্তসাপেক্ষে উক্ত জমি অধিগ্রহণে অত্র দপ্তরের কোন আপত্তি নাই।


শর্তসমূহঃ

- ১। চাহিতব্য ভূমিতে DAP প্রস্তাবিত Urban Residential Zone, Mixed Use Zone (Residential-Commercial), Proposed Road Network and Transportation & Communication Zone -এ প্রচলিত আইন অনুসরণ করতে হবে।
- ২। প্রকল্প এলাকায় বিদ্যমান প্রাকৃতিক জলাধার যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
- ৩। রাজউক প্রস্তাবিত রাস্তাগুলোর ভবিষ্যৎ সম্প্রসারণ বিবেচনা করে ডিজাইন করতে হবে এবং ক্ষতিগ্রস্ত রাস্তাগুলোর বিকল্প যোগাযোগ নিশ্চিত করতে হবে।
- ৪। **Plantation** এর ব্যবস্থা থাকতে হবে।
- ৫। সংলগ্ন সকল জায়গা সুরক্ষিত রাখতে হবে এবং প্রাকৃতিক সৌন্দর্য/পরিবেশ রক্ষার্থে ঐ সমস্ত জায়গা **Beautification** এর ব্যবস্থা নিতে হবে।
- ৬। স্টেশনের অভ্যন্তরে পর্যাপ্ত জায়গা খালি রাখতে হবে।
- ৭। চলমানরত **Vehicle** গুলো যেন জনসাধারণের চলাচলে বাধাগ্রস্ত করতে না পারে তার জন্য প্রয়োজনীয় **Protective Measure/Physical Barrier/Signaling System** থাকতে হবে।
- ৮। ক্ষতিগ্রস্ত প্লট মালিকদের নিয়মমাপিক ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে।
- ৯। **Main Transport System** লিংক করার ক্ষেত্রে সার্ভিস রাস্তার জন্য পর্যাপ্ত জায়গা খালি রাখতে হবে।
- ১০। চতুর্দিকে **Noise Preventive Wall/Barrier** এর ব্যবস্থা থাকতে হবে।
- ১১। অতি বৃষ্টির পানি নিষ্কাশনের জন্য পর্যাপ্ত **Drainage** এর ব্যবস্থা রাখতে হবে।
- ১২। রাজউক ও পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সকল শর্তসমূহ অনুসরণ করতে হবে।
- ১৩। এই অনাপত্তি পত্র শুধুমাত্র সরকারি সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য হবে এবং ইহা মালিকানা স্বত্ব: নির্ধারণ করে না বিধায় মালিকানা নিয়ে কোন জটিলতা সৃষ্টি হলে এই অনাপত্তি পত্র বাতিল বলে গণ্য হবে।

সংযুক্তিঃ

১. সরেজমিনে প্রাপ্ত ভূমি ব্যবহার প্রতিবেদন (সরেজমিনে প্রাপ্ত ভূমি ব্যবহার প্রতিবেদন)

২. রিজিওনাল ম্যাপ (রিজিওনাল ম্যাপ)
৩. ভূমি ব্যবহার ম্যাপ (ভূমি ব্যবহার ম্যাপ)
৪. তফশিলভুক্ত মোট ২.৩০৭ একর জমি (তফশিলভুক্ত মোট ২.৩০৭ একর জমি)
৫. রাজউক কর্তৃক প্রদেয় অনাপত্তি পত্র (রাজউক কর্তৃক প্রদেয় অনাপত্তিপত্র)



১৫-২-২০২৩

মো: মাহমুদ হোসেন

সিনিয়র প্ল্যানার

ফোন: ২২৩৩৫১২১৩

ইমেইল:

mahamud_planner@yahoo.com

মোঃ আফতাবউদ্দিন তালুকদার, প্রকল্প পরিচালক, ঢাকা
ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০২.৩৩.০০৩.১৭.৫/১(১২)

তারিখ: ১ ফাল্গুন ১৪২৯
১৪ ফেব্রুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (চলতি দায়িত্ব), পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩) যুগ্মসচিব, প্রশাসন-২ অধিশাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ৪) একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ৫) একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ৬) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৭) সিনিয়র প্ল্যানার, টাউন প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৮) সহকারী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী(সার্ভে), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৯) হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর
- ১০) প্ল্যানার, আরবান প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর (পত্রটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
- ১১) সহকারী প্ল্যানার, টাউন প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ১২) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর



১৫-২-২০২৩

মো: রাসেদুল ইসলাম

সহকারী প্ল্যানার